



## ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ওজোপাডিকো)

WEST ZONE POWER DISTRIBUTION COMPANY LIMITED

(An enterprise of Bangladesh Power Development Board)

ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, বিদ্যুৎ ভবন, বয়রা মেইন রোড, খুলনা-৯০০০।

www.wzpdcl.gov.bd, e-mail: wzpdcl.md@gmail.com

স্মারক নং: ২২.২৭.৪৫৮৭.০০৫.৪৬.০১.২৬-৭৪

তারিখ: ১১/০১/২৬ খ্রি:


### প্রতারণামূলক নিয়োগ বিজ্ঞপ্তির বিষয়ে সতর্কীকরণ বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, সম্প্রতি একটি অসাধু চক্র কর্তৃক ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ওজোপাডিকো) এর ভাবমূর্তি ক্ষুণ্ণ করার অসৎ উদ্দেশ্যে প্রধান কার্যালয়ের নাম, ঠিকানা এবং ভূয়া স্মারক নম্বর ও স্বাক্ষর ব্যবহার করে প্রতারণামূলকভাবে লাইনম্যান (ক্যাটাগরি-১), ইলেকট্রিশিয়ান (ক্যাটাগরি-১), ক্লিনার (ক্যাটাগরি-৫), হেলপার (ক্যাটাগরি-৫), কমপ্লেন্স ইন অ্যাটেনডেন্ট (ক্যাটাগরি-৫), মালি (ক্যাটাগরি-৫) পদের ভূয়া নিয়োগ বিজ্ঞপ্তি প্রচার করে জনসাধারণকে প্রতারণিত করার চেষ্টার বিষয়টি ওজোপাডিকো কর্তৃপক্ষের দৃষ্টিগোচর হয়েছে। বর্ণিত ওজোপাডিকো সম্পর্কিত নিয়োগ বিজ্ঞপ্তিটি যে ভূয়া তা কয়েকটি বিষয় যথাযথভাবে পর্যবেক্ষণ করলে শিক্ষিত ও সচেতন ব্যক্তিগণের কাছে প্রতীয়মান হবে যার বিবরণ নিম্নরূপ:

ওজোপাডিকো'র নিয়োগ বিজ্ঞপ্তি সাধারণত ওজোপাডিকো'র নির্ধারিত প্যাডে করা হয় কিন্তু ভূয়া নিয়োগ বিজ্ঞপ্তি ওজোপাডিকো'র প্যাডে করা হয়নি। বিজ্ঞপ্তিতে যে ই-মেইল নম্বর (www.mof.go.bd) ব্যবহার করা হয়েছে সেটা ওজোপাডিকো'র ই-মেইল নম্বর নয়। যে স্মারক নম্বর (০৭.০০.০০০০.০০০.১৫৩.৯৯.০০০১.১৯-৮৫৬) ব্যবহার করা হয়েছে তা ওজোপাডিকো'র স্মারক নম্বর নয়। তাছাড়া অফিসিয়াল লোগো যথাযথ স্থানে ব্যবহার করা হয়নি এবং বিজ্ঞপ্তিতে ওজোপাডিকো'র নাম ও লোগো থাকলেও স্বাক্ষর রয়েছে জনৈক ব্যক্তির যিনি অর্থ মন্ত্রণালয়ে অর্থ বিভাগের উপসচিব।

উল্লেখ্য, ওজোপাডিকো'র সকল নিয়োগ সংক্রান্ত বিজ্ঞপ্তি ওজোপাডিকো'র নিজস্ব ওয়েবসাইটে প্রচার করা হয়ে থাকে এবং সকল নিয়োগের আবেদন অনলাইনে গ্রহণ করা হয়ে থাকে। বর্তমানে ওজোপাডিকো ও এর অধীনস্থ দপ্তরসমূহে লাইনম্যান (ক্যাটাগরি-১), ইলেকট্রিশিয়ান (ক্যাটাগরি-১), ক্লিনার (ক্যাটাগরি-৫), হেলপার (ক্যাটাগরি-৫), কমপ্লেন্স ইন অ্যাটেনডেন্ট (ক্যাটাগরি-৫), মালি (ক্যাটাগরি-৫) পদে কোনো নিয়োগ প্রক্রিয়া চলমান নেই। প্রত্যেক চক্রের এ ভূয়া নিয়োগ বিজ্ঞপ্তিতে কোনোভাবে প্রতারণিত না হওয়ার বিষয়ে সকলকে সতর্ক থাকার অনুরোধ করা হলো। নিয়োগ সংক্রান্ত যে কোনো তথ্যের প্রয়োজন হলে ওজোপাডিকো'র ওয়েবসাইট (www.wzpdcl.gov.bd) ভিজিট বা প্রধান কার্যালয়ে যোগাযোগ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

নির্দেশক্রমে-

  
১১/১/২৬

মো: আলমগীর কবীর  
মহাব্যবস্থাপক (প্রশাসন)  
ওজোপাডিকো, খুলনা।

# ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী লি., খুলনা

বাবছাপনা পরিচালকের এর পক্ষ, বিদ্যুৎ ভবন, বয়রা মেইন রোড, খুলনা-৯০০০

নিয়োগ বিজ্ঞপ্তি

www.mof.gov.bd

২৫ অক্টোবর ১৪০২ খ্রী.

১০/১২/২০২৫ইং



স্মারক নং-০৭.০০.০০০০.০০০.১৫৩.৯৯.০০০১.১৯-৮৫৬

যে সব জেলা নিয়োগ প্রদান করা হবে-খুলনা, বাগেরহাট, যশোর, মাগুরা, সাতক্ষীরা, নড়াইল, কুষ্টিয়া, কুমারখালী, ঝিনাইদহ, চুয়াডাঙ্গা, মেহেরপুর, কালীগঞ্জ, গোপালগঞ্জ, শরীয়াতপুর, বরিশাল, ঝালকাঠি, পিরোজপুর, পটুয়াখালী, বরগুনা, ভোলা, মাদারীপুর, ফরিদপুর, রাজবাড়ী বাংলাদেশের সকল জেলার লোক আবেদন করতে পারবে।

## ১। মাসিক পরিষেবা ফি (A)

ক্র. নং	পদবী	শিক্ষাগত যোগ্যতা	সংখ্যা	বেতন	প্রতি মাসে
০১	লাইনম্যান (ক্যাটাগরি-১)	এস.এস.সি	২০	২০,১৭৫০/-	প্রতি মাসে
০২	ইলেকট্রিশিয়ান (ক্যাটাগরি-১)	এস.এস.সি	২২	২০,১৭৫০/-	প্রতি মাসে
০৩	ক্রিনার (ক্যাটাগরি-৫)	অষ্টম	৫৭	১৮,১৭৫০/-	প্রতি মাসে
০৪	হেল্পার (ক্যাটাগরি-৫)	এস.এস.সি	৫১	১৮,১৭৫০/-	প্রতি মাসে
০৫	কমপ্রেইন অ্যাটেনডেন্ট (ক্যাটাগরি-৫)	এইচ.এস.সি	১০	২৪,২৭৫/-	প্রতি মাসে
০৬	মালী (ক্যাটাগরি-৫)	এস.এস.সি	২৩	১৮,১৭৫০/-	প্রতি মাসে

দুইটি উৎসব ও বৈশাখী বোনাস বেতনের সাথে যোগ হবে।

## ২। মাসিক পরিষেবা ফি (B)

ক্র. নং	পদবী	শিক্ষাগত যোগ্যতা	সংখ্যা	বেতন	প্রতি মাসে
০১	লাইনম্যান (ক্যাটাগরি-১)	এস.এস.সি	২৩	২০,১৭৫০/-	প্রতি মাসে
০২	ইলেকট্রিশিয়ান (ক্যাটাগরি-১)	এস.এস.সি	২৭	২০,১৭৫০/-	প্রতি মাসে
০৩	ক্রিনার (ক্যাটাগরি-৫)	অষ্টম	৬২	১৮,১৭৫০/-	প্রতি মাসে
০৪	হেল্পার (ক্যাটাগরি-৫)	এস.এস.সি	৫২	১৮,১৭৫০/-	প্রতি মাসে
০৫	কমপ্রেইন অ্যাটেনডেন্ট (ক্যাটাগরি-৫)	এইচ.এস.সি	১২	২৪,২৭৫/-	প্রতি মাসে
০৬	মালী (ক্যাটাগরি-৫)	এস.এস.সি	২১	১৮,১৭৫০/-	প্রতি মাসে

দুইটি উৎসব ও বৈশাখী বোনাস বেতনের সাথে যোগ হবে।

## ৩। বিবিবি-৫ সেট আপ খুলনা (C)

ক্র. নং	পদবী	শিক্ষাগত যোগ্যতা	সংখ্যা	বেতন	প্রতি মাসে
০১	লাইনম্যান (ক্যাটাগরি-১)	এস.এস.সি	১১	২১,১৭৫০/-	প্রতি মাসে
০২	ইলেকট্রিশিয়ান (ক্যাটাগরি-১)	এস.এস.সি	১১	২১,১৭৫০/-	প্রতি মাসে
০৩	ক্রিনার (ক্যাটাগরি-৫)	অষ্টম	১০	১৯,১৭৫০/-	প্রতি মাসে
০৪	হেল্পার (ক্যাটাগরি-৫)	এস.এস.সি	১৫	১৯,১৭৫০/-	প্রতি মাসে
০৫	কমপ্রেইন অ্যাটেনডেন্ট (ক্যাটাগরি-৫)	এইচ.এস.সি	১২	২৫,২৭৫/-	প্রতি মাসে
০৬	ড্রাইভার (ক্যাটাগরি-২)	এস.এস.সি	০৯	২০,২৭৫/-	প্রতি মাসে
০৭	মালী (ক্যাটাগরি-৫)	এস.এস.সি	১২	১৯,১৭৫০/-	প্রতি মাসে

দুইটি উৎসব ও বৈশাখী বোনাস বেতনের সাথে যোগ হবে।

১০/১২/২০২৫

(মোহাম্মদ ইছমত উল্লাহ)

উপসচিব

অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়